

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- বাঃ স্কাঃ (সাধারণ সেবা)/১৫৫৫(৭৫০)/২০২১

তারিখ : ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১


পরিপত্র

বিষয় : আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং বিপি দিবস উদযাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি আয়োজন সম্পর্কীয়।

বাংলাদেশ স্কাউটস প্রতি বছরের ন্যায় এবারও আগামী ২১ ফেব্রুয়ারি ২০২১ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং ২২ ফেব্রুয়ারি ২০২১ বিপি দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করার উদ্যোগ গ্রহণ করেছে। জাতীয় সদর দফতরের উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ শে ফেব্রুয়ারি সকাল ৮-০০ মিনিটে র্যালী ও জাতীয় শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করা হবে। বিপি দিবস উপলক্ষে ২২ শে ফেব্রুয়ারি জাতীয় সদর দফতরের পরিচালনায় অনলাইন প্ল্যাটফর্ম জুম ক্লাউড মিটিং অ্যাপস এ বিপি এর জীবন ও কীর্তির উপর আলোচনা সভার আয়োজন করা হবে।

অঞ্চল, জেলা, উপজেলা, গ্রুপ ও ইউনিট পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ২১ শে ফেব্রুয়ারি শহীদ মিনারে পুষ্পমাল্য অর্পণসহ অনলাইনে আলোচনা সভা এবং ২২ শে ফেব্রুয়ারি বিপি দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি আয়োজন করা যেতে পারে। এসব কর্মসূচির মাধ্যমে কাব স্কাউট, স্কাউট, রোভার স্কাউটরা দেশপ্রেম ও স্কাউটিং এ উদ্বুদ্ধ হয়ে অনুপ্রাণিত হবে।

বর্ণিত দিবস দুটি উদযাপন বাস্তবায়ন শেষে বিস্তারিত সচিত্র প্রতিবেদন সফট ও হার্ড কপি আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২১ এর মধ্যে জাতীয় সদর দফতরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ২। আঞ্চলিক পরিচালক/উপ পরিচালক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
- ৩। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
- ৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা/জেলা রোভার/রেলওয়ে জেলা/নৌ জেলা/এয়ার জেলা;
- ৫। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

সদয় জ্ঞাতার্থে :

- ১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।